# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd

নং-২৮.০৪.০০০০.০০৩.২১.০০৩.১৯.

তারিখ : ১৭ ডিসেম্বর , ২০২০
০৩ পৌষ,১৪২৭

বিষয় : বিপিআই এর অনলাইন প্রশিক্ষণ অনুসরণিকা, ২০২০।

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে করনামহামারীকালীন বিশেষ পরিস্থিতিতে বাংলাদেশ পেট্রোলিয়াম এর প্রশিক্ষণ কর্মসূচির সুষ্ঠু পরিচালনার জন্য নিম্নলিখিত বিষয় অনুসরণ করে প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। **শিরোনাম ও প্রবর্তন**

এ অনুসরণিকা ' বিপিআই এর অনলাইন প্রশিক্ষণ অনুসরণিকা, ২০২১' নামে অভিহিত হবে। এ অনুসরণিকা প্রকাশের তারিখ থেকে কার্যকর হবে এবং এ অনুসরণিকায় বর্ণিত পরিস্থিতিতে প্রযোজ্য হবে।

৩. **সংজ্ঞার্থ**

ক. দূরশিক্ষণ (Distance Learning) : একটি আনুষ্ঠানিক শিক্ষাদান প্রক্রিয়া যেখানে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের পারস্পরিক মিথস্ক্রিয়াসহ কোর্সের অধিকাংশ কার্যক্রম সংঘটিত হওয়ার সময় প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ একই জায়গায় অবস্থান করেন না। যুগপৎ শিক্ষণ (Synchronous Learning) এবং অসমনিয়ত শিক্ষণ (Asynchronous Learning) দূরশিক্ষণ কার্যক্রমের অন্তর্ভূক্ত;

খ. যুগপৎ শিক্ষণ (Synchronous Learning) : প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ একই সময়ে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন;

গ. অসমনিয়ত শিক্ষণ (Asynchronous Learning) : প্রশিক্ষক এবং প্রশিক্ষণার্থীগণ ভিন্ন ভিন্ন সময়ে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন;

ঘ. বিশেষ পরিস্থিতি: নিম্নরূপ পরিস্থিতিসমূহ বিশেষ পরিস্থিতি হিসেবে বিবেচিত হবে-

(i) 'দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২'- এর আওতায় যে সময়ের জন্য 'দুর্গত এলাকা' হিসেবে ঘোষিত হয়;
(ii) 'সংক্রামক রোধ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮' এর আওতায় যে সময়ের জন্য 'সংক্রমিক এলাকা' হিসেবে ঘোষিত হয়; এবং
(iii) সরকার কর্তৃক ঘোষিত অন্য এমন কোনো বিশেষ পরিস্থিত যখন প্রচলিত পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদানের সুযোগ থাকে না অথবা সীমিত হয়ে পড়ে।

ঝ. স্বাভাবিক পরিস্থিতি : বিশেষ পরিস্থিতি চলমান নয় এবং সরাসরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করা সম্ভব এরূপ পরিস্থিতিকে স্বাভাবিক পরিস্থিতি হিসেবে গণ্য করা হবে।

৪. **প্রয়োগ**

'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)'- কর্তৃক দেশে/বিদেশে আয়োজিত অনলাইন প্রশিক্ষণ এবং উচ্চশিক্ষার ক্ষেত্রে এ অনুসরণিকা প্রযোজ্য হবে।

৫. অনুসরণীয় বিষয়

'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)'- কর্তৃক দেশে/বিদেশে আয়োজিত অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ নিম্নলিখিত বিষয়সমূহ অনূসরণ করে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

১.১। প্রশিক্ষণ শিডিউল অনুযায়ী নির্ধারিত সময়ের ৫ মিনিট পূর্বে অনলাইন সিস্টেমে কানেক্টেড থাকতে হবে।

১.২। অনলাইন সিস্টেমে লগইন করার সময় নাম ও প্রতিষ্ঠানের নাম দিতে হবে।

১.৩। প্রশিক্ষণ চলাকালীন অনলাইন সিস্টেম চালু রেখে মুঠোফোন ব্যবহার নিষিদ্ধ। মুঠোফোন বন্ধ/সাইলেন্ট মোডে রাখতে হবে। অতি জরুরি প্রয়োজনে কর্তৃপক্ষের কল আসলে অনলাইন সিস্টেমের বাইরে সংক্ষেপে ফোনালাপ সম্পন্ন করতে হবে।

১.৪। প্রশিক্ষণের শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সহায়তা করতে হবে। অনলাইন সিস্টেম চালু রেখে উইন্ডের সামনে যেকোন ধরনের খাওয়া-দাওয়া থেকে বিরত থাকতে হবে।

১.৫। বিছানায় শুয়ে শুয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করা যাবে না।

১.৬। ক্লাস শেষ হওয়ার পূর্বে অনলাইন সিস্টেম ত্যাগ করা হতে বিরত থাকতে হবে।

১.৭। প্রশিক্ষণ চলাকালীন নিজের প্রফাইল মিউট করে রাখতে হবে। প্রয়োজন হলে আনমিউট করে কথা বলতে হবে।

১.৮। প্রশিক্ষণ চলাকালীন অনুগ্রহ করে ভিডিও অফ করা থেকে বিরত থাকতে হবে।

১.৯। অতিথি বক্তাকে অপ্রাসঙ্গিক প্রশ্ন না করে অতিথি বক্তার অনুমতি নিয়ে প্রাসঙ্গিক প্রশ্ন করতে হবে।

১.১০। ফরমাল ড্রেসকোড মেনে চলা বাধ্যতামূলক। পুরুষ প্রশিক্ষণার্থীগণকে ফুলহাতা শার্ট, প্যান্ট পরিধানপূর্বক প্রশিক্ষণে উপস্থিত থাকতে হবে। মহিলা প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণ উপযোগী পোশাক পরিধান করতে হবে।

১.১১। নির্দেশনা মোতাবেক অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

১.১২। যথা সময়ে বিপিআই-এর ওয়েবসাইট (http://bpi.gov.bd/) থেকে প্রশিক্ষক মূল্যায়ণ ফর্ম, প্রশিক্ষণার্থীর মতামত ও কোর্স মূল্যায়ণ ফর্মসমূহ পূরণ করতে হবে।

৬. **অস্পষ্টতা দূরীকরণ**

এই অনুসরিণিকা প্রয়োগের ক্ষেত্রে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হলে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশিকা অনুসরণ করতে হবে। অনলাইন প্রশিক্ষণের ক্ষেত্রে কোন বিষয়ের অবতারণা হলে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে।

( মাহবুবা ফারজানা )
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ )

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ ( জ্যেষ্ঠতার অনুক্রম অনুযায়ী নয় )

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৭) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৮) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১২) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৩) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৪) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৫) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

১৬) ব্যাক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বিপিআই (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য))